# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন
## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: ফেব্রুয়ারি/২০২৬**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | - | ০৬ | ০৬ | ০৯ | ১৫ | ০৬ | পরিশিষ্ট-ক | ০৯ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০১ | - | ০১ | ০৪ | ০৫ | ০৩ | পরিশিষ্ট-ক | ০২ | ঐ |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | - | ০১ | ০১ | ০১ | ০২ | ০২ | পরিশিষ্ট-ক | - | - |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) | ০১ | ০১ | ০২ | ০১ | ০৩ | ০৩ | পরিশিষ্ট-ক | - | - |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | - |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | - |
| পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | - | - | - | - | - | - |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | - |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | - |
| **মোট** | **০২** | **০৮** | **১০** | **১৫** | **২৫** | **১৪** | - | **১১** | |

**পরিশিষ্ট-ক**

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** রমজান মাসে জোরপূর্বক শিক্ষার্থীদের বিশেষ পরিচর্যা ক্লাস করানোর নামে কলেজ করাচ্ছে এ বিষয়ে অনলাইনে জনাব আরেফিন খান (০১৬৩১২৩৬০৪০) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(খ)** রমজান মাসে স্কুল খোলা রাখা ও পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিষয়ে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(গ)** রমজান উপলক্ষে এখনো কলেজ বন্ধ দেওয়া হচ্ছেনা এ সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব রাহী চৌধুরী (০১৮২৬৫০৯৮২৮) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটিতে প্রয়োজনীয় কথা না থাকায় নথিজাতের মাধ্যমে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

**(ঘ)** জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অমান্য করে আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড কর্তৃক শ্রমিক-কর্মচারীদের নির্বাচনকালীন ছুটি থেকে বঞ্চিত করা বিষয়ে অনলাইনে একটি অভিযোগ আসে। আকিজ ফুড অ্যান্ড বেভারেজ শিল্প মন্ত্রণালয়ের আওতাভুক্ত প্রতিষ্ঠান নয়। প্রাপ্ত অভিযোগটি নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

**(ঙ)** মন্ত্রণালয়ের আদেশ অমান্য করে পরীক্ষা নেওয়া হচ্ছে এ সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব আদীল (০১৮৮৭২৪৩৬২৪) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

**(চ)** বিসিক জেলা কার্যালয় গাইবান্ধা এর সম্প্রসারণ কর্মকর্তা জনাব মোঃ মোছাদ্দেক হোসনে সুজন এর একাধিক ফৌজদারী মামলার আসামী হওয়ায় মামলা চলাকালীন বরখাস্তের প্রার্থনা সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব জি,আর,এম মিনহাজুর রহমান (স্বপন) (০১৭১৫৮৪৩৪২৯) নামক ব্যক্তির নিকট হতে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। অভিযোগটি তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়ার জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

২। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি):

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) বিসিআইসি প্রধান কার্যালয়ের পরিবহন শাখার ইনচার্জ জনাব মো: বশির উদ্দিন পিন্টু, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এর বিরুদ্ধে জনৈক কাজী মাহমুদুল হাসান নামক ব্যক্তি অভিযোগ দাখিল করেছেন। শিল্প মন্ত্রণালয়ের এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখার স্মারক নং-৩৬.০০.০০০০.০৯৩.২৭.০৩০.২৩(অংশ-৪).১০৪, তারিখ: ২৩-১০-২০২৫ দ্বারা বর্ণিত অভিযোগ তদন্ত পূর্বক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। তদপ্রেক্ষিতে অভিযোগ তদন্তে বিসিআইসি হতে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি প্রতিবেদন দাখিল করেছে। প্রতিবেদনে বিসিআইসি'র আমলযোগ্য অপরাধের সত্যতা পাওয়া যায়নি বিধায় অভিযোগটি জিআরএস হতে নিষ্পত্তি মর্মে গণ্য করা যেতে পারে।

(ii) জনাব মোঃ হাসানুজ্জামান, ঠিকানা- বালানগর, বাগমারা, রাজশাহী হতে একজন সাংবাদিক পরিচয়ে অভিযোগ প্রতিকার সংক্রান্ত নির্দেশিকা' ২০১৫ এর সংযোজনী "খ-১" ফরমে রাজশাহী জেলার বাগমারা উপজেলায় বিসিআইসি সার ডিলার মেসার্স তামান্না ট্রেডার্স, প্রো: মোছা: শাহীনা আকতার সেফালী, দেওলিয়ামোড়, বাসুপাড়া, সার ব্যবস্থাপনা আইন, ২০০৬ ও সার বিতরণ নীতিমালা লঙ্ঘন করে

কৃত্রিম সংকট সৃষ্টির অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ তদন্তে কমিটি গঠন করা হয়। তদন্তে অভিযোগ প্রমাণিত হয়নি বিধায় অভিযোগটি জিআরএস হতে নিষ্পত্তি মর্মে গণ্য করা যেতে পারে।

(iii) শিল্প মন্ত্রণালয়ের এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখার স্মারক নং-৩৬.০০.০০০০.০৯৩. ২৭.০৩০.২০ (অংশ-৪).০৩, তারিখ: ০৭-০১-২০২৬ দ্বারা সংস্থার আওতাধীন সিইউএফএল কারখানার ব্যবস্থাপনা পরিচালক এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে সংস্থা হতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। অভিযোগটি জিআরএস হতে নিষ্পত্তি মর্মে গণ্য করা যেতে পারে।

৩। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) জনাব নাজমুল আলম, সহকারী প্রকৌশলী হিসেবে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র বিসিক, নরসিংদীতে কর্মকালীন বিসিকের চাকরি হতে ১১.০৩.২০২৪ খ্রি. তারিখে ইস্তফা দেন। ইস্তফা প্রদানের ১ বছর ৩ দিন পর ১৩.০৩.২০২৫ খ্রি. তারিখে তিনি সিপিএফ এর পাওনা অর্থ উত্তোলনের জন্য প্রশাসন বিভাগ, বিসিকে আবেদন দাখিল করেন। পরবর্তীতে উক্ত আবেদন নিষ্পত্তি কার্যক্রমের অংশ হিসেবে সংশ্লিষ্ট কর্মকর্তার ইস্তফা প্রদানের পূর্ব পর্যন্ত বিসিকের যে সকল কার্যালয়ে কর্মরত ছিলেন সে সকল কার্যালয় হতে তার দেনা-পাওনার ক্লিয়ারেন্স সংগ্রহের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নথিটি প্রশাসন বিভাগ কর্তৃক ০৮.০৫.২০২৫ খ্রি. তারিখে হিসাব ও অর্থ বিভাগের বিল ও সাধারণ শাখায় প্রেরণ করা হয়। বিল ও সাধারণ শাখা হতে ২৭.০৫.২০২৫ খ্রি. তারিখে তার দেনা-পাওনার ক্লিয়ারেন্সের পত্র জারি করে নথিটি প্রশাসন বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে তার সিপি ফান্ডের টাকা পরিশোধের জন্য প্রশাসন বিভাগ হতে ০৪.০৬.২০২৫ খ্রি. তারিখে নথিটি সিপিএফ শাখায় প্রেরণ করা হয়। সিপিএফ শাখা হতে ২৩.০৬.২০২৫ খ্রি. তারিখে তার দেনা পাওনার বিষয়ে মতামত ও এলপিসি এর জন্য বিল ও সাধারণ শাখায় প্রেরণ করা হয়। বিল ও সাধারণ শাখা হতে সংশ্লিষ্ট কর্মকর্তার দায়-দেনা পরীক্ষাপূর্বক এবং তার কার্যালয় হতে ক্লিয়ারেন্স প্রাপ্তি সাপেক্ষে মতামত প্রদান করে নথিটি সিপিএফ শাখায় ২৫.০৯.২০২৫ খ্রি. তারিখে প্রেরণ করা হয়। মূলত ক্লিয়ারেন্স প্রাপ্তির পর থেকেই সিপিএফ শাখায় নথিসমূহের হিসাব উপস্থাপনের প্রক্রিয়া শুরু হয়। সিরিয়ালের ভিত্তিতে সিপিএফ শাখায় ২৯.১০.২০২৫ খ্রি. তারিখে হিসাব উপস্থাপন করে নথিটি নিরীক্ষা বিভাগে প্রেরণ করা হয়। নিরীক্ষা বিভাগের চাহিদার প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তার ০২ বছরের বেতন বিবরণী/আইবাসের সত্যায়িত কপি চেয়ে ০১.১২.২০২৫ খ্রি. তারিখে সিপিএফ শাখা হতে সহকারী মহাব্যবস্থাপক, বিসিক জেলা কার্যালয়, নরসিংদী বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। অর্থাৎ বিবেচ্য অভিযোগকারীর সিপিএফ এর অর্থ প্রাপ্তির আবেদনটি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। এ অবস্থায় তিনি ১০.০১.২০২৬ খ্রি. তারিখে GRS অনলাইনে অভিযোগ দাখিল করেন। সে পরিপ্রেক্ষিতে অভিযোগটির বিষয়ে নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ বিভাগ, বিসিক, ঢাকার মতামত গ্রহণ করা হয়। মতামতের ভিত্তিতে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে। উল্লেখ্য, অভিযোগকারীর সিপিএফ এর অর্থ প্রাপ্তির আবেদনটি ইতোমধ্যে বিসিক সিপিএফ ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। অন্যান্য সকল প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে আবেদনকারীকে তাঁর প্রাপ্য অর্থ প্রদান করা সম্ভব হবে।

(ii) জনাব জি, আর. এম মিনহাজুর রহমান (স্বপন) গত ০৪.০২.২০২৬ খ্রি. তারিখে জনাব মোছাদ্দেক হোসেন সুজন, সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক জেলা কার্যালয়, গাইবান্ধা এর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকায় তাঁকে সাময়িক বরখাস্তের অনুরোধ জানিয়ে জিআরএস অনলাইনে অভিযোগ দাখিল করেন। বিবেচ্য অভিযোগ পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোছাদ্দেক হোসেন সুজন এর তালাক প্রাপ্ত স্ত্রী মোসাঃ মায়মুনা রহমান বিজ্ঞ সিএমএম আমলী আদালত রাজশাহী এ নারী ও শিশু নির্যাতন দমন ২০০০ (সংশোধিত মতে ২০০৩) এ ১১ (গ) ধারায় মামলা নং- ১৩৮০ সি/২০২৫ (বোয়ালিয়া) মামলা দায়ের করেন। এছাড়া সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে মামলা নং জিআর ৩৩৬/২৫ (রাজপাড়া) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট-২ নং আদালত, রাজশাহীতে মামলা নং ৮২৪পি/২৫ চলমান রয়েছে মর্মে উল্লেখ করেছেন। জনাব মোছাদ্দেক হোসেন সুজন, সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক জেলা কার্যালয়, গাইবান্ধা'কে সাময়িক বরখাস্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগকারী অনুরোধ জানিয়েছেন। সে পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বিষয়ে আইন সেল, বিসিক, ঢাকার মতামত গ্রহণ করা হয়। আইন সেল হতে প্রাপ্ত বিসিকের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান, বিসিক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে গত ২৩.০২.২০২৬ খ্রি. তারিখে জিআরএস এ প্রাপ্ত বিবেচ্য অভিযোগটি নিষ্পত্তি করা হয়। পরবর্তীতে অভিযোগকারী কর্তৃক জিআরএস এ আপিল আবেদন দাখিল করা হয়। সে পরিপ্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত আইনের ধারা ১৫. ৪১.৪২, ৪৩, ৪৪, ৪৫ ব্যতিত উক্ত আইনের বাকি অন্য ধারাসমূহ স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য নয়।



৭

যেহেতু বিসিক আইনের দ্বারা প্রতিষ্ঠিত একটি সংস্থা সেহেতু সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা বিসিকের জন্য প্রযোজ্য নয় মর্মে প্রতীয়মান হয়। তথাপি বিসিকের কর্মকর্তা/কর্মচারীদের শৃঙ্খলা ভঙ্গজনিত বিষয়ে মূলত বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

সরকারি চাকরি আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট ধারাসমূহ ও বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর ৭ম অধ্যায়ের প্রবিধান নং ৪৪ এর উপপ্রবিধান (৫) পর্যালোচনায় জনাব মোছাদ্দেক হোসেন সুজন, সম্প্রসারণ কর্মকর্তা, বিসিক জেলা কার্যালয়, গাইবান্ধা'কে সাময়িক বরখাস্ত করা সমীচীন নয় মর্মে মতামত প্রদান করা হয়েছে।

৪। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই):

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:

(i) গত ১১-০১-২০২৬ খ্রি. তারিখে জনাব সীমা বেগম এর লিখিত অভিযোগের প্রেক্ষিতে নহর প্যাকেজড ড্রিংকিং ওয়াটার, ব্রাক্ষ্মণকান্দা, সদর, ফরিদপুর নামক প্রতিষ্ঠানে ২৬/০২/২০২৬ খ্রি. তারিখে বিএসটিআই ফরিদপুরের পক্ষ থেকে একটি সার্ভিল্যান্স অভিযান পরিচালনা করা হয়। সার্ভিল্যান্স অভিযান পরিচালনাকালে দেখা যায় যে, প্রতিষ্ঠানটি বিএসটিআই হতে সিএম লাইসেন্স গ্রহণ না করেই মোড়কে বিসটিআই'র লোগো ব্যাবহার করছে যা আইন অনুযায়ী দন্ডনীয় অপরাধ। এছাড়াও অটো ফিলিং মেশিন থাকা সত্ত্বেও জারে করে ম্যানুয়াল ফিলিং করা হচ্ছে এবং বারবার সতর্ক করা হলেও অদ্যাবদি কোন কেমিস্ট নিয়োগ করেন নি। তবে প্রতিষ্ঠানটির স্বত্তাধিকারি দাবি করেন যে আগামী ০১/০৩/২০২৬ খ্রি. তারিখ হতে ০১ জন কেমিস্ট নিয়োগ করা হবে এবং সকল ত্রুটিবিচ্যুতি সংশোধন করে আগামী ০৫/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অত্রাফিসকে অবগত করবেন এবংবিএসটিআইয়ের লাইসেন্স গ্রহণ ব্যাতিরিকে বিএসটিনাই'র লোগোযুক্ত মোড়ক ব্যবহার করা থেকে বিরত থাকবেন মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করেন।

(ii) ১৬.০২.২০২৬ তারিখে বিএসটিআই জেলা কার্যালয়, কুমিল্লার উদ্যোগে কুমিল্লা জেলার চকবাজার এলাকায় অবস্থিত মেসার্স নুরুল হুদা ফিলিং স্টেশনে একটি অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে প্রতিষ্ঠানে ব্যবহৃত ডিসপেন্সিং ইউনিটসমূহের ওজন ও পরিমাপের যথার্থতা যাচাই করা হয়। যাচাইকৃত ইউনিটিসমূহ নিম্নরূপ:

১ (এক) টি পেট্রোল ডিসপেন্সিং ইউনিট, ২ (দুই)টি অকটেন ডিসপেন্সিং ইউনিট, ২ (দুই)টি ডিজেল ডিসপেন্সিং ইউনিট।

প্রতিটি ইউনিটে নির্ধারিত মানদণ্ড অনুযায়ী পরীক্ষামূলক পরিমাপ গ্রহণ করা হয়। পরীক্ষা শেষে দেখা যায় যে, উল্লিখিত সফল ডিসপেন্সিং ইউনিটে জ্বালানির ওজন/পরিমাপে সঠিকতা বিদ্যমান রয়েছে। কোনো ধরনের ঘাটতি বা অতিরিক্ত পরিমাণ পাওয়া যায় নি। মেসার্স নুরুল হুদা ফিলিং স্টেশন নির্ধারিত মান অনুযায়ী জালানি সরবরাহ করছে। পরিমাপে সঠিকতা বজায় থাকায় প্রতিষ্ঠানটির কার্যক্রম সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে। ভবিষ্যতেও এধরনের সঠিকতা বজায় রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখবে।

(iii) নীলফামারী জেলার ডোমার উপজেলার জনৈক হাবিবুর রহমান বিএসটিআই'র ফেসবুকে অভিযোগ করেন যে, মেসার্স আমিনা রহমান ফিলিং স্টেশনটি জ্বালানি তেল পরিমাপে কম প্রদান করছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে গত ১৮/০২/২০২৬ খ্রি. তারিখে মেসার্স আমিনা রহমান ফিলিং স্টেশনটিতে বিজ্ঞ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযান পরিচালনাকালে ফিলিং স্টেশনটিতে পরিমাপে কম পাওয়া যায়নি। তবে উক্ত ভ্রাম্যমান আদালতে মেসার্স ডোমার ফিলিং স্টেশনটিতে পরিমাপে কম পাওয়ায় ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা করা হয়।